**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৯০.২৪.৩৯৭ তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ / ১২ মার্চ ২০২৬

**বিষয় : বরগুনা জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৩০০.০০ লক্ষ (তিন কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৭৮টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।**

সূত্র : স্মারক নং-৪৬.১০.০৪০০.০০০.১০২.০২.০০০৬.২৬-১০, তারিখ: ১৫/০১/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে বরগুনা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৩০০.০০ লক্ষ (তিন কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৭৮টি প্রকল্পের মধ্যে নিম্নবর্ণিত ছকের ২নং কলামে উল্লিখিত ৪১টি প্রকল্পের বিষয়ে উক্ত ছকের কলাম ৪-এ উল্লিখিত তথ্য প্রমাণকসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো:

| ক্রম | প্রকল্প তালিকার ক্রমিক | প্রাক্কলিত ব্যয়ে (লক্ষ টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | ০৩, ৫১, ৬৪, ৭৬, ৯৪, ১১৯ ও ১৫০= ০৭টি | ১২.০০ | বর্ণিত প্রকল্পসমূহ মাটি ভরাটকরণ/ব্যক্তি কেন্দ্রীক/ব্যবসায়ী/সরকারি প্রতিষ্ঠানের সংস্কার/উন্নয়ন সংক্রান্ত বিধায় জেলা পরিষদের বরাদ্দকৃত অর্থে উল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করা সমীচীন নয়। তাই উক্ত প্রকল্পসমূহ পরিবর্তনপূর্বক জনকল্যাণমূলক প্রকল্প গ্রহণের জন্য জেলা পরিষদ, বরগুনা-কে অনুরোধ করা প্রয়োজন। |
| ২. | ০৪, ১৪, ১৬, ২২, ২৪, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪১, ৪২, ৪৪, ৫০, ৫৮, ৬০, ৬৬, ৮০, ৮২, ১১৮, ১২২, ১৩৫, ১৩৯, ১৪৬, ১৫৭, ১৫৮, ১৫৯, ১৬৩, ১৬৪, ১৬৬, ১৭১, ১৭২, ১৭৩, ১৭৪ ও ১৭৭= ৩৪টি | ৪১.৬০ | বর্ণিত ৩৪টি গভীর নলকূপ স্থাপন প্রকল্প অনুমোদনের প্রস্তাব করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (DPHE) হতে গভীর নলকূপ স্থাপন প্রকল্প বাস্তবায়ন করা হয়। কিন্তু জেলা পরিষদের বরাদ্দকৃত অর্থে গভীর নলকূপ স্থাপনের প্রকল্প প্রস্তাব করা হয়েছে। গভীর নলকূপ স্থাপনের স্থান/এলাকা/প্রয়োজনীয়তা কোন মানদণ্ডে নির্বাচন করা হয়েছে তা প্রস্তাবের সাথে প্রেরণ করা হয়নি। এছাড়া, বরগুনা জেলায় কতগুলো গভীর নলকূপ স্থাপন প্রয়োজন তাও প্রস্তাবে উল্লেখ করা হয়নি। বর্ণিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ে কিভাবে নিরুপণ করা হয়েছে তা প্রস্তাবে উল্লেখ নেই। একই মন্ত্রণালয়ের দুটি স্তর হতে গভীর নলকূপ স্থাপন প্রকল্প বাস্তবায়ন করা হলে দ্বৈততার সৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকে বিধায় গভীর নলকূপ স্থাপনের বিষয়ে জনস্বাথ্য প্রকৌশল অধিদপ্তরের অনাপত্তিপত্র ও প্রয়োজনীয়তার স্বপক্ষে দালিলিক তথ্য প্রমাণকসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য জেলা পরিষদ, বরগুনা-কে অনুরোধ করা যায়। |
| মোট= | ৪১ | ৫৩.৬০ | |

০২। উল্লিখত ৪১টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (১৭৮-৪১)=১৩৭টি প্রকল্প (৩০০.০০-৫৩.৬০) = ২৪৬.৪০ লক্ষ (দুই কোটি ছেচল্লিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নোক্ত শর্তাবলি যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের রাজস্ব তহবিল/এডিপি ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;

০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;

০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;

০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং

০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

০৭. বরাদ্দকৃত অর্থে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ৫০% পিআইসি এবং ৫০% দরপত্র-এর মাধ্যমে বাস্তবায়নের শর্ত প্রদান করা হলো।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:
১. প্রশাসক, জেলা পরিষদ, বরগুনা;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরগুনা।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৯০.২৪.৩৯৭/১(৮)

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩২ / ১২ মার্চ ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশাল;
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা;
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব